রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৪, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৯ আশ্বিন, ১৪২৩ মোতাবেক ০৪ অক্টোবর, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১৯ আশ্বিন, ১৪২৩ মোতাবেক ০৪ অক্টোবর, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ৪২/২০১৬

জেলা পরিষদ আইন, ২০০০ এর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ৬ এর সংশোধন**।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৬ এর উপ-ধারা (২) এর দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(চ) তিনি জাতীয় সংসদের সদস্য বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের চেয়ারম্যান বা সদস্য বা জেলা পরিষদের প্রশাসক হন বা থাকেন:

তবে শর্ত থাকে যে, জেলা পরিষদের প্রশাসক পদত্যাগ সাপেক্ষে নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন;"।

৩। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ৭ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা (১) এর "পিতা বা স্বামী" শব্দগুলির পরিবর্তে "পিতা ও মাতা বা স্বামী" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

মূল্য : টাকা ৮.০০

৪। **২০০০ সনের ১৯ নং আইনে নূতন ধারা ১০ক এর সন্নিবেশ।**—উক্ত আইনের ধারা ১০ এর পর নিম্নরূপ নূতন ধারা ১০ক সন্নিবেশিত হইবে, যথা:—

"১০ক। **চেয়ারম্যান বা সদস্যগণের সাময়িক বরখাস্তকরণ।**—(১) যেক্ষেত্রে কোন পরিষদের চেয়ারম্যান বা সদস্য বা মহিলা সদস্যের বিরুদ্ধে ধারা ১০ এর অধীন অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে কোন ফৌজদারী মামলায় অভিযোগপত্র কোন আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেইক্ষেত্রে সরকারের বিবেচনায় উক্ত চেয়ারম্যান বা সদস্য বা মহিলা সদস্য কর্তৃক এই আইনের অধীন ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি হইলে, সরকার, লিখিত আদেশ দ্বারা, উক্ত চেয়ারম্যান বা সদস্য বা মহিলা সদস্যকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন সাময়িক বরখাস্তের আদেশ প্রদান করা হইলে উক্ত আদেশ প্রাপ্তির তিন দিনের মধ্যে সাময়িক বরখাস্তকৃত চেয়ারম্যান, তাহার অনুপস্থিতিতে চেয়ারম্যানের দায়িত্ব পালনের জন্য, জ্যেষ্ঠতার ক্রমানুসারে অস্থায়ী চেয়ারম্যানের প্যানেল সদস্যের নিকট দায়িত্ব হস্তান্তর করিবেন এবং উক্ত চেয়ারম্যান সাময়িক বরখাস্ত থাকাকালীন সময় পর্যন্ত অথবা ধারা ১০ এর অধীন চেয়ারম্যান অপসারিত হইলে তাহার স্থলে নূতন চেয়ারম্যান নির্বাচিত না হওয়া পর্যন্ত দায়িত্বপ্রাপ্ত অস্থায়ী চেয়ারম্যান দায়িত্ব পালন করিবেন।

(৩) উপ-ধারা (১) এর অধীন পরিষদের কোন সদস্য বা মহিলা সদস্যকে সাময়িকভাবে বরখাস্তের আদেশ প্রদান করা হইলে উক্ত সদস্য বা মহিলা সদস্যের বিরুদ্ধে আনীত কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত অথবা উক্ত সদস্য বা মহিলা সদস্য অপসারিত হইলে তাহার স্থলে নূতন সদস্য বা মহিলা সদস্য নির্বাচিত না হওয়া পর্যন্ত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দায়িত্বপ্রাপ্ত এক জন সদস্য বা মহিলা সদস্য সাময়িকভাবে উক্ত দায়িত্ব পালন করিবেন।"।

৫। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ১৭ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৭ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) প্রত্যেক জেলার অন্তর্ভুক্ত সিটি কর্পোরেশন, যদি থাকে, এর মেয়র ও কাউন্সিলরগণ, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণ, পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ সমন্বয়ে উক্ত জেলার পরিষদের চেয়ারম্যান ও সদস্য নির্বাচনের জন্য নির্বাচকমন্ডলী গঠিত হইবে।"।

৬। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ২০ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ২০ এর —

(ক) উপ-ধারা (২) এর —

(অ) "সরকার" শব্দের পরিবর্তে "নির্বাচন কমিশন" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) ২০(২) উপ-ধারার (ছ) দফা নিম্নরূপে পুনর্গঠিত হইবে:

"ভোট গ্রহণের তারিখ, সময় ও স্থান এবং নির্বাচন পরিচালনা সংক্রান্ত অন্যান্য বিষয়;"

(ই) দফা (ঠ) এর "নির্বাচন অপরাধ" শব্দগুলির পরিবর্তে "নির্বাচনী অপরাধসহ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনী আচরণবিধি ভঙ্গ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৩) উপ-ধারা (২)(ঠ) এর অধীন প্রণীত বিধিতে কারাদণ্ড, অর্থদণ্ড বা উভয় দণ্ডের বিধান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নির্বাচনী অপরাধের জন্য কারাদণ্ডের মেয়াদ অনধিক সাত বৎসর এবং আচরণবিধি লংঘনের জন্য অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদণ্ড বা অনধিক ছয় মাসের কারাদণ্ড বা উভয় দণ্ডের বিধান করা যাইবে।"।

৭। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ২৪ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ২৪ এর উপ-ধারা (২) এর "সাব-জজ" শব্দের পরিবর্তে "যুগ্ম জেলা জজ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ৩১ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৩১ এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(২) এই আইন বা বিধিতে ভিন্নরূপ বিধান না থাকিলে, পরিষদের নির্বাহী ক্ষমতা চেয়ারম্যানের উপর ন্যস্ত হইবে:

তবে শর্ত থাকে যে, পরিষদ ইহার সকল বা যে কোন নির্বাহী ক্ষমতা প্রয়োগ করিবার জন্য কোন অস্থায়ী প্যানেল চেয়ারম্যান বা কোন সদস্য বা সরকারের অনুমোদনক্রমে কোন উপযুক্ত কর্মকর্তাকে ক্ষমতা প্রদান করিতে পারিবে।"।

৯। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ৪৮ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৪৮ এর উপ-ধারা (২) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে, দান, বিক্রয়, বন্ধক, ইজারা বা বিনিময়ের মাধ্যমে বা অন্য কোন পন্থায় যে কোন সম্পত্তি অর্জন বা হস্তান্তর করিতে পারিব।"।

১০। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ৫৪ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৫৪ এর উপ-ধারা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) পরিষদের এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা, নির্ধারিত পদ্ধতিতে, কোন জিনিসপত্রের উপর আরোপিত কোন কর বা টোল আদায়ের জন্য এই আইনের অধীন যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।"।

১১। **২০০০ সনের ১৯ নং আইনের ধারা ৭৩ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৭৩ এর উপ-ধারা (১) এর "সরকার" শব্দের পর ", ধারা ২০ এর অধীন নির্বাচন পরিচালনা ও নির্বাচনী আচরণবিধি সম্পর্কিত বিষয়াদি ব্যতিত অন্যান্য বিষয়ে," কমাগুলি ও শব্দগুলি সন্নিবেশিত হইবে।

১২। **রহিতকরণ ও হেফাজত**।—(১) জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০১৬ (অধ্যাদেশ নং ২, ২০১৬) এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত সত্ত্বেও, উক্ত অধ্যাদেশের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

বাংলাদেশে সুদীর্ঘকাল থেকে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ তৃণমূল পর্যায় হতে শুরু করে সকল পর্যায়ে সর্বস্তরের জনগণের সেবা প্রদান করে আসছে। দেশে বর্তমানে সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ নিয়ে পাঁচ স্তরের স্থানীয় সরকার প্রতিষ্ঠান বিদ্যমান রয়েছে।

২। জেলা পরিষদ আইনটি ২০০০ সালে প্রণীত হয়। ইতোমধ্যে দীর্ঘ সময় অহিবাহিত হয়েছে এবং জেলা পরিষদ ব্যতীত অন্যান্য সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। দীর্ঘদিন ধরে জনগণ ও জনপ্রতিনিধিগণের পক্ষ থেকে জেলা পরিষদ নির্বাচন সম্পন্ন করার দাবি উত্থাপিত হয়ে আসছে। নির্বাচিত প্রতিনিধি-দ্বারা জেলা পরিষদসমূহ পরিচালিত হলে জনগণের আশা-আকাঙ্খার সফল বাস্তবায়ন হবে। বিদ্যমান প্রেক্ষাপট বিবেচনায় এনে জেলা পরিষদ আইন সংশোধন করে যুগোপযোগী করার প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় আইনটি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৩। বর্তমান আইনটির বিদ্যমান সংশোধনীতে মোট ৯টি ধারার সংশোধন এবং ১টি নতুন ধারা সংযোজনের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত সংশোধনীর উল্লেখযোগ্য বিষয়গুলো হচ্ছে:

(ক) একজন ব্যক্তি যাতে একাধিক স্থানীয় সরকার প্রতিষ্ঠানে প্রতিনিধি হিসেবে নির্বাচনে অংশগ্রহণ না করতে পারে সে বিষয়টি নিশ্চিতকরণ [ধারা-৬(২)(চ)];

(খ) নির্বাচিত প্রতিনিধিদের শপথ গ্রহণকালে তাদের পরিচিতির জন্য পিতা বা স্বামীর নামের সাথে মাতার নাম অন্তর্ভুক্ত করা হয়েছে [ধারা-৭(১)];

(গ) বিদ্যমান আইনে জেলা পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের সাময়িক বরখাস্তকরণের কোন বিধান ছিলনা। প্রস্তাবিত সংশোধনীতে উপযুক্ত কোন আদালত কর্তৃক চেয়ারম্যান ও সদস্যদের বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র গৃহীত হওয়া সাপেক্ষে তাঁদেরকে সাময়িক বরখাস্তকরণের বিধান সংযোজনের প্রস্তাব করা হয়েছে (১০ক নতুন সংযোজন);

(ঘ) বিদ্যমান আইনে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদের জেলা পরিষদ নির্বাচনে ভোট প্রদানের সুযোগ ছিল না। আইন সংশোধনের মাধ্যমে সে সুযোগ সৃষ্টি করা হয়েছে [ধারা-১৭(১)];

(ঙ) নির্বাচন পরিচালনা এবং এতদসংক্রান্ত বিধি-বিধান প্রণয়নের ক্ষমতা সরকারের পরিবর্তে নির্বাচন কমিশনকে প্রদানের প্রস্তাব করা হয়েছে [ধারা-২০(২)];

(চ) বর্তমান সংশোধনীতে নির্বাচনী অপরাধসহ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ [ধারা-২০(২)(ঠ)] ও শাস্তি বিধানের প্রস্তাব করা হয়েছে [ধারা-২০(৩)];

(ছ) পরিষদের নির্বাহী ক্ষমতা প্রয়োগ [ধারা-৩১(২)] ও পরিষদের সম্পত্তি হস্তান্তর বা অর্জনের বিষয়টি [ধারা-৪৮(২)(গ)] সুনির্দিষ্ট করার প্রস্তাব করা হয়েছে;

(জ) এছাড়াও ২০(২)(ছ), ২৪(২), ৫৪(৩), ৬০(৩), ৭৩(১) ধারাসমূহ সংশোধনের প্রস্তাব করা হয়েছে।

৪। উক্ত উদ্দেশ্য পূরণকল্পে, জেলা পরিষদ আইন, ২০০০ এর সংশোধনকল্পে জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ শীর্ষক বিল মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

খন্দকার মোশাররফ হোসেন
ভারপ্রাপ্ত মন্ত্রী।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd